

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.৯৯.০৪২.২৫-জি, ১৬৩০(৪২)-২/৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ / ০৭ আগষ্ট ২০২৬

## অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সমবায় অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং অধিদপ্তরের আওতাধীন কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীগণ অধিদপ্তর পর্যায়ে নিষ্পত্তিযোগ্য বিষয়াদি নিয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় বরাবর বিভিন্ন প্রকার আবেদন/তদবীর করে থাকেন। যার ফলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্বাভাবিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে এবং সমবায় অধিদপ্তরের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এই ধরণের আবেদন/তদবীর থেকে বিরত থাকার জন্য সমবায় অধিদপ্তরের আওতাধীন সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে অনুরোধ করা হলো।

০২. এ আদেশের ব্যত্যয় হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ বিষয়টি তাঁর বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রতিফলিত হবে।

নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের অনুমোদন ও নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

০৭/০৮/২০২৬
মোহাম্মদ সফিকুল ইসলাম
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত নিবন্ধক, (প্রশাসন,মাসউ ও ফাইন্যান্স)/ অডিট ও আইন/সমিতি ব্যবস্থাপনা/ইপিপি, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা (তাঁর নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
৫. যুগ্মনিবন্ধক (সকল), ...............................................সমবায় অধিদপ্তর, ঢাকা।
৬. যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট (তাঁর নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার (এম.আই.এস), সমবায় অধিদপ্তর, ঢাকা (জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত নিবন্ধক মহোদয়ের একান্ত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. যুগ্মনিবন্ধক মহোদয়ের একান্ত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংশ্লিষ্ট নথি।